42

দৈনিক ইত্তেফাক

তারিখ 16 DEC 1988
পৃষ্ঠা 7 কলাম 8

17

9

# কৃষি কলেজের ৬০ জন শিক্ষকের একযোগে পদত্যাগ

( ইত্তেফাক রিপোর্ট )

গতকাল ( শুক্রবার ) শেরে বাংলা নগর কৃষি কলেজের প্রায় ৬০ জন শিক্ষক একযোগে পদত্যাগ করেন। শিক্ষকদের পদ-

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## পদত্যাগ

(১ম পৃঃ পর)

ত্যাগ পত্রটি বি, এ, আর, সির ডিরেক্টর জেনারেলের নিকট পৌঁছানো হইয়াছে। শিক্ষকরা ছাত্রদের পরবর্তী পরীক্ষাও গ্রহণ করিবেন না বলিয়া সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। উল্লেখ্য, গত বৃহস্পতিবার কলেজে পরীক্ষায় নকলের সুবিধা না দেওয়ায় ছাত্ররা কলেজের দরজা-জানালা ভাংচুর করে এবং কলেজের অধ্যক্ষের সামনেই পরীক্ষার হলে দায়িত্বপ্রাপ্ত শিক্ষককে জোরপূর্বক পদত্যাগ-পত্রে সই করায়।